আজকের কাগজ

তারিখ .. 19 FEB 1993 ..
পৃষ্ঠা ... ৬ ... কলাম ... ২ ...

174

## বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা কর্মসূচি বাস্তবায়ন সেমিনার অনুষ্ঠিত

গতকাল বৃহস্পতিবার বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রে 'বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা কর্মসূচি বাস্তবায়ন' শীর্ষক সেমিনার অনুষ্ঠিত হয়। এ সেমিনারে প্রণীত সুপারিশমালা সরকারের নীতিকৌশল নির্ধারণে সহায়ক হবে।' সেমিনারে প্রধান অতিথি সংস্থাপন প্রতিমন্ত্রী মোঃ নূরুল হুদা সর্বস্তরে প্রাথমিক শিক্ষা বাস্তবায়নে সরকারের অঙ্গীকার ব্যক্ত করে বলেন, সর্বজনীন প্রাথমিক শিক্ষা চালু করার জন্যে একটি বিভাগ চালু করা হয়েছে। বিপিএটিসির রেক্টর ও অনুষ্ঠানের সভাপতি কাজী মুহম্মদ মনজুরে মওলা বলেন, লোক প্রশাসন কেন্দ্রের বুনিয়াদী প্রশিক্ষণার্থীরা গ্রামে গিয়ে এই গবেষণামূলক সেমিনারে উপাত্ত সংগ্রহ করেছেন। তিনি বলেন, এ ধরনের জরুরি সমস্যার জরিপ করে সঠিক সিদ্ধান্ত গ্রহণের দিক–নির্দেশনা প্রণয়ন আজ জরুরি হয়ে পড়েছে। খবর বিজ্ঞপ্তির।